

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৫৬

২৩/ আহার ও খাদ্যদ্রব্য (ﷺ)

পরিচ্ছেদঃ ৪৬. রাতের খাবারের গুরুত্ব

باب ما جاء في فضل الْعَشاءِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَعْلَى الْكُوفِيُّ، حَدَّثَنَا عَنْبَسَةُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْقُرَشِيُّ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عَلاَّقٍ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " تَعَشَّوْا وَلَوْ بِكَفِّ مِنْ حَشَفٍ فَإِنَّ تَرْكَ الْعَشَاءِ مَهْرَمَةُ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ مُنْكَرٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ. وَعَنْبَسَةُ يُضَعَّفُ فِي الْحَدِيثِ وَعَبْدُ الْمَلِكِ بْنُ عَلاَقٍ مَجْهُولٌ.

বাংলা

১৮৫৬। আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা অবশ্যই রাতের খাবার খাবে তা একমুঠ খেজুর হলেও। কেননা রাতের খাবার বাদ দেয়া বার্ধক্যের কারণ।

যঈফ, যঈফা (১১৬)

আবৃ ঈসা বলেছেন, এটি একটি প্রত্যাখ্যাত (মুনকার) হাদীস। আমরা শুধু উল্লেখিত সূত্রে এটি জেনেছি। রাবী আনবাসাকে হাদীস শাস্ত্রে দুর্বল সাব্যস্ত করা হয়েছে। তাছাড়া আবদুল মালিক ইবনু আল্লাক একজন অখ্যাত-অপরিচিত রাবী।

English

Narrated Anas bin Malik:

That the Messenger of Allah (ﷺ) said: "Take the 'Asha' meal, even if it is just with a handful of something to fill. For indeed avoiding the 'Asha' is from senility."



[Abu 'Eisa said:] This Hadith is Munkar, we do not know of it except from this route. 'Anbasah was graded weak is Hadith. 'Abdul-Malik bin 'Allaq is unknown.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন